সমকাল

তারিখ . 05 .JUL .2015...
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

# ছাত্রলীগের সম্মেলন প্রস্তুতি কমিটি ও উপ-কমিটি ঘোষণা

■ সমকাল প্রতিবেদক

ছাত্রলীগের ২৮তম জাতীয় সম্মেলনের প্রস্তুতি কমিটি ও বিভিন্ন উপ-কমিটির নাম ঘোষণা করা হয়েছে। গতকাল শনিবার ছাত্রলীগ সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ ও সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম স্বাক্ষরিত এসব উপ-কমিটি ঘোষণা করা হয়। ছাত্রলীগের সহসভাপতি জয়দেব নন্দীকে আহ্বায়ক করে গঠিত সম্মেলন প্রস্তুতি কমিটির অন্যরা হলেন- যুগ্ম আহ্বায়ক হাসানুজ্জামান তারেক ও তরিকুল ইসলাম। আগামী ২৫ ও ২৬ জুলাই রাজধানীর ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে ছাত্রলীগের সম্মেলন অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে সম্মেলনে ছাত্রলীগের নেতাকর্মীদের উদ্দেশে দিকনির্দেশনামূলক ভাষণ দেবেন বলে জানা গেছে।

এছাড়া সম্মেলন উপলক্ষে গঠিত অভ্যর্থনা উপ-কমিটির আহ্বায়ক আবদুল কাদের মহিউদ্দিন মাহী, যুগ্ম আহ্বায়ক চঞ্চল কর্মকার, শারমিন সুলতানা লিলি; মঞ্চ উপ-কমিটির আহ্বায়ক মোর্শেদুল আলম চৌধুরী, যুগ্ম আহ্বায়ক মোস্তাফিজুর রহমান মোস্তাক, শিহাবুজ্জামান শিহাব; সাজসজ্জা উপ-কমিটির আহ্বায়ক রকিবুল ইসলাম শাওন, যুগ্ম আহ্বায়ক আনোয়ার হোসেন আনু, মশিউর রহমান রুবেল; শৃঙ্খলা উপ-কমিটির আহ্বায়ক জিয়াউল হক জিয়া, যুগ্ম আহ্বায়ক শামসুল কবির রাহাত, আবদুর রহমান জীবন; প্রচার ও প্রকাশনা উপ-কমিটির আহ্বায়ক রেজাউল হাফিজ রেমিস, যুগ্ম আহ্বায়ক শাহরুখ মিরাজ, নাহিদুজ্জামান নাহিদ; দপ্তর উপ-কমিটির আহ্বায়ক জিসান মাহমুদ, যুগ্ম আহ্বায়ক শেখ রাসেল।

সাংস্কৃতিক উপ-কমিটির আহ্বায়ক চঞ্চল কর্মকার, যুগ্ম আহ্বায়ক আবু হানিফ, আফরিন নুসরাত, আশিকুর রহমান রনো; অর্থ উপ-কমিটির আহ্বায়ক শাহিনুর রশিদ সোহেল, যুগ্ম আহ্বায়ক মামুন অর রশিদ এবং নির্বাচন উপ-কমিটির প্রধান নির্বাচন কমিশনার সুমন কুণ্ডু, নির্বাচন কমিশনার মোস্তাফিজুর রহমান মোস্তাক ও শেখ রাসেল।